তারিখ 23 JUL 2017

সেমিনারে শিক্ষামন্ত্রী

# সামুদ্রিক সম্পদ কাজে লাগাতে দক্ষ জনবল দরকার

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সামুদ্রিক সম্পদের অনুসন্ধান, আহরণ ও সুষ্ঠু ব্যবহারের জন্য প্রযুক্তি, দক্ষতা ও জ্ঞান আয়ত্ত করতে হবে। বাংলাদেশের সমুদ্র সম্পদের সম্ভাবনা ও সুযোগ কাজে লাগাতে হলে দক্ষ জনবলের বিকল্প নেই।

গতকাল শনিবার রাজধানীর সেগুনবাগিচায় 'লিগ্যাল রেজিম এট সি অ্যান্ড গভর্ন্যান্স অব মেরিটাইম রিসোর্সেস ফর সাসটেইনেবল ব্লু ইকোনমি' শীর্ষক দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি (বিএসএমআরএমইউ), বাংলাদেশ এবং জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের 'ব্লু' ইকোনমি সেল যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, মানসম্পন্ন জনবল সৃষ্টির মাধ্যমে জাতীয় অর্থনীতিতে ব্লু ইকোনমির অবদান বাড়াতে হবে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য রিয়ার অ্যাডমিরাল এএসএম আবদুল বাতেনের সভাপতিত্বে অনুষ্ঠানে ভারতের ন্যাশনাল মেরিটাইম ফাউন্ডেশনের চেয়ারম্যান অ্যাডমিরাল আরকে ধাওয়ান (অব.) বক্তৃতা করেন।